স্বামীজির ১৫৬ তম জন্মদিনে পদযাত্রা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : স্বামী বিবেকানন্দের ১৫৬ তম জন্মদিন উপলক্ষে হাওড়ার বিভিন্ন স্থানে নানা অনুষ্ঠান হয়। এদিন হাওড়ার কোনা নস্করপাড়ায় হাওড়া পুরসভার এমআইসি বিভাস হাজরার নেতৃত্বে স্বামীজির ব্রোঞ্জের মূর্তি উদ্বোধন হয়। তারপর কোনা নস্করপাড়া থেকে বিড়াডিঙি পর্যন্ত একটি পদযাত্রা হয়। সেই পদযাত্রায় বিভিন্ন স্কুলের ছেলেমেয়েরা অংশগ্রহণ করে। অপরদিকে হাওড়ার কল্যাণ পল্লী ইয়ুথ ক্লাবের পক্ষ থেকে ১৫৬ তম স্বামীজির জন্মদিবস উপলক্ষে ফুটপাতবাসীদের হাতে বস্ত্র ও পুষ্টিকর খাদ্য তুলে দেয়। যা পেয়ে খুশি সকল দুঃস্থ ফুটপাতবাসী অপরদিকে এদিন শুক্রবার হাওড়ার জগাছার খুশি ধাড়সা বিবেক বিল বিবেকানন্দ সংসদ ক্লাবের পক্ষ থেকে স্বামীজির মূর্তিতে মাল্যদান ও তারপর একটি পদযাত্রা হয়। তাতে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	8		9	6			1	
6			4			9		
							8	
	4	9		7	1	5		2
7		2	5	4		1	9	
	2							
		7			6			9
	5			2	7		6	

গতকালের সমাধান

6	1	9	7	5	3	2	8	4
5	7	8	2	6	4	9	1	3
4	3	2	8	1	9	5	7	6
3	2	6	5	4	1	7	9	8
8	5	4	9	2	7	3	6	1
1	9	7	3	8	6	4	2	5
2	4	5	6	9	8	1	3	7
9	8	3	1	7	5	6	4	2
7	6	1	4	3	2	8	5	9

আবহাওয়া

পূর্বাভাস: শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৩ ডি গ্রি ও ১০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৩ ডিগ্রি ও ১১ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৬২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৭, **সূর্যাস্ত:** ঘ ৫:০৬ **জোয়ার:** বিকেল : ৪:২১। **ভাঁটা:** সকাল : ১১:৪৩।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	63.3823
INR / 1 Euro	76.5024
INR / 100 Jap. YEN	56.0600
INR / 1 Pound Sterling	86.0225

শেয়ারসূচক

BSE	34,153.85	▲	(+184.21)
NIFTY	10,558.85	▲	(+54.05)

শব্দলিপি- ১০৮৩



উজ্জ্বল বর

পাশাপাশি ঃ ১। রমণীয় ৩। আমাদের প্রতিবেশী রাষ্ট্র ৬। থাপ্পড় ৮। চিঠিবহনকারী ১০। রচিত সামগ্রী ১২। পৃথিবী ১৪। তাঁবু ১৫। আটটি চালবিশিষ্ট ঘর

উপরনীচ ঃ ১। মলয় পর্বত থেকে আগত বাতাস ২। মুখচোরা ও বোকা ৪। সমান বংশমর্যাদা সম্পন্ন ও বৈবাহিক সম্বন্ধ স্থাপনের উপযুক্ত ৫। ক্রমাগত পেঁচিয়ে চিবানোর শব্দ ৭। মিনি-রহমতের রবিকাহিনি ৯। বাধা ১১। উপপতি ১৩। জিহ্বা

সমাধান ঃ শব্দলিপি - ১০৮২

পাশাপাশি ঃ ১। পলক ৩। দুহিতা ৫। বিলাপ ৭। পাখাবাতাস ৮। মনমিতালি ৯। কড়চা ১১। নশ্বর ১২। বাগিচা

উপরনীচ ঃ ১। পরবি ২। কলপ ৩। দুহাতখালি ৪। তাবড় তাবড় ৬। লালনপালন্ন ৭। পাতাবাহার ৯। কসবা ১০। চামচা

প্রায় ছ'ঘণ্টা ভেসেল বন্ধ

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : প্রায় ছ'ঘণ্টা ভেসেল বন্ধ থাকায় গঙ্গাসাগরে যাওয়ার জন্য পুণ্যার্থীরা ঘণ্টা পর ঘণ্টার লট নম্বর-৮ এ দাঁড়িয়ে থাকতে হচ্ছে। এনিয়ে দু-একজন পুণ্যর্থীরা ক্ষোভও প্রকাশ করেছেন। জেলা প্রশাসনের তরফ থেকে অবশ্য পুণ্যর্থীদের বারে বারে এ বিষয়ে ঘোষণা করা হচ্ছে। পুলিশ প্রশাসন সহ অন্যান্য প্রশাসনের আধিকারিকরা সব সময় সর্তক থাকছেন।

গঙ্গাসাগরের পথে পাঁচ নম্বর জেটিতে শংকরাচার্য। এছাড়াও জনস্বাস্থ্য কারিগরী দফতরের মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় এবং পূর্ত দফতরের মন্ত্রী অরূপ বিশ্বাস। দু'জনেই এবার গঙ্গাসাগর মেলার দায়িত্বে।

সম্পত্তি লিখে না দেওয়ায় বাবাকে খুনের চেষ্টা

নিজস্ব সংবাদদাতা, হাড়োয়া : সম্পতি লিখে না দেওয়ায় বাবাকে খুনের চেষ্টার অভিযোগ উঠল ছেলের বিরুদ্ধে।

ঘটনাটি উত্তর ২৪ পরগনার হাড়োয়ার। থানায় অভিযোগ দায়ের করেছেন বাবা। ঘটনার পর থেকে পলাতক অভিযুক্ত ছেলে ও বউমা।

অভিযোগ, সম্পত্তির জন্য দু'বছর ধরে হাড়োয়া থানার মেটো আইট গ্রামের বাসিন্দা মস্তান মোল্লাকে নানাভাবে অত্যাচর করত ছেলে আরাবুল মোল্লা। বাড়ি তার নামে লিখে দেওয়ার জন্য মাঝেমধ্যেই তাঁকে মারধর করত বলে অভিযোগ। এর আগে একবার তিনি পঞ্চায়েত সদস্যদের দ্বারস্থ হন। সাময়িক মীমাংসা হলেও কয়েকদিন পর আবার একই ঘটনা ঘটে।

কয়েক মাস আগে ছেলের মারধরে গুরুতর জখম হয়ে কয়েকদিন হাসপাতলে ভর্তি ছিলেন মস্তান মোল্লা। এরপর বুধবার আরাবুলকে শ্বাসরোধ করে খুনের চেষ্টা করা হয় বলেও অভিযোগ।

আরাবুলের সঙ্গে ছিল তার স্ত্রী সাবিনা বিবিও। প্রতিবেশীরা জানতে পেরে মস্তান মোল্লকে উদ্ধার করেন। বৃহস্পতিবার ছেলে ওবউমার বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন মস্তান মোল্লা।

বুধবার রাত থেকে পলাতক আরাবুল মোলা ও সাবিনা বিবি। তাদের খোঁজে তল্লাশি শুরু করেছে হাড়োয়া থানার পুলিশ।

অ্যাসিড আক্রান্ত হয়ে গৃহবধূর মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, নাকাশিপাড়া : অ্যাসিড আক্রান্ত এক গৃহবধূর মৃত্যু হল নদিয়ার নাকাশিপাড়ায়। মাস দেড়েক আগে নাকাশিপাড়া থানার সেনপুরের বাসিন্দা ওই গৃহবধূ ও তাঁর স্বামীর উপর অ্যাসিড হামলা হয়।প্রায় দেড় মাস আগে বাড়িতেই ওই গৃহবধূ এবং তাঁর স্বামীর উপর অ্যাসিড হামলা হয়। গুরুতর জখম হন দু'জনেই। শক্তিনগর জেলা হাসপাতালে কিছুদিন চিকিৎসার পর ওই মহিলার স্বামী সুস্থ হয়ে বাড়ি ফেরেন। সুস্থ না হওয়ায় হাসপাতালেই ছিলেন ওই মহিলা। বৃহস্পতিবার পারিবারিক কারণে তাঁকে বাড়ি নিয়ে যায় পরিবার। কিন্তু, অসুস্থ হয়ে পড়লে বেথুয়াডহরি গ্রামীণ হাসপাতালে নিয়েযাওয়াহয়। সেখানেই মৃত্যু হয় ওই মহিলার। ঘটনায় জড়িত সন্দেহে এক মহিলাকে গ্রেফতার করে পুলিশ। সেই মহিলা এই গৃহবধূর স্বামীরপ্রথম পক্ষেরস্ত্রী বলে জানা গেছে। বর্তমানে জেল হেফাজতে রয়েছেন ধৃত ওই মহিলা।

বিজেপি যেভাবে বাড়ছে তাতে তৃণমূলের সর্বনাশ দেখতে পাচ্ছি: রাহুল সিনহা

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : বিজেপি যেভাবে বাড়ছে তাতে তৃণমূলের সর্বনাশ দেখতে পাচ্ছি। তৃণমূল সেটা বুঝে পুলিশ, মস্তান, গুন্ডা দিয়ে বিজেপিকে রোখার চেষ্টা করছে। কিন্তু, অত্যাচার করে সিপিআইএম যেমন তৃণমূলকে আটকাতে পারেনি, তেমনই অত্যাচার করে তৃণমূলও বিজেপিকে আটকাতে পারবে না।

বৃহস্পতিবার নওদা সর্বাঙ্গপুরে এক জনসভায় একথা বলেন, বিজেপি'র কেন্দ্রীয় সম্পাদক রাহুল সিনহা।

বিজেপি সূত্রে খবর, সভামঞ্চ থেকে প্রায় ৫০০ জনের হাতে দলীয় পতাকা তুলে দেন রাহুল সিনহা। এরা সিপিআইএম, আরএসপি ও কংগ্রেস থেকে যোগ দিয়েছেন বলে জানা গেছে। রাহুল সিনহা ছাড়াও ছিলেন বিজেপির জেলা সভাপতি গৌরীশঙ্কর ঘোষ সহ জেলা নেতৃত্ব।রাহুল সিনহা বলেন, তৃণমূল, বিজেপির জয়যাত্রাকে পণ্ড করার চেষ্টা করছে। দিঘা থেকে কোচবিহার পর্যন্ত বিজেপির বাইক মিছিলকে বাধা দেওয়ার চেষ্টা করেছে তৃণমূল। সিপিআইএম তৃণমূলকে আটকে রাখতে পারেনি। তৃণমূলও সেই একই ভুল করছে। মানুষকে ছেড়ে সরাসরি অত্যাচারের রাস্তা ধরেছে। অত্যাচার তৃণমূলও বিজেপিকে আটকাতে পারবে না।

সভা /অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির) আজ আলোচনায় শ্রীরামকৃষ্ণ লীলা প্রসঙ্গ, পাঠক:স্বামী অচ্যুতানন্দ মহারাজ। সময়: ৬টা।

ভাগ্যলিপি

মেষ

সন্তানের চাহিদা আজ আপনাকে পূরণ করতে হবে। চিকিৎসার ক্ষেত্রের সঙ্গে যুক্ত ব্যক্তিরা সফল হবে।

বৃষ

একটা কাজের দিন সহকর্মিরা আজ আপনার সঙ্গে সমানভাবে কাজ করবেন।

মিথুন

আবেগতারিত না হয়ে যা বলছে তা শোনার চেষ্টা করুন। তাহলে আপনি সফল হবেন।

কর্কট

ভালো মন্দ না ভেবে এগনোর চেষ্টা করুন। তাহলে ফল লাভ করতে পারবেন।

সিংহ

আপনার কাজ সহজেই হয়ে যাবে। কাজেই ধৈয্য ধরুন, সাফল্য আসবে।

কন্যা

আর্থিক দামাডলের মধ্যে আপনাকে। সল্পমেয়াদি লক্ষ পূরণ হতে পারে আজ।

তুলা

ভালো সময়ের মধ্যেদিন আটবে আপনার। পিকনিকের মেজাজে আজ দিন কাটাবে।

বৃশ্চিক

যে প্রতিশ্রুতি দিয়ে ছিলেন তা পূরণ করার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যান।

ধনু

একটা ভালোদিন অপেক্ষা করছে আপনার জন্য। সফল হবেন।

মকর

হঠাৎ করে কাজের বোঝা বাড়বে। কিছুটা ঝুঁকি নিতে হবে। সময় পেলে সুযোগ কাজে

কুম্ভ

ধর্মীয় ব্যাপারে আজ আপনাকে অর্থ ব্যয় করতে হতে পারে।

মীন

আপনার স্বাস্থ্যনিয়ে সমস্যা পড়তে হতে পারে। প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন।

পথদুর্ঘটনায় মৃত্যু হল এক সিভিক পুলিশের

নিজস্ব সংবাদদাতা, জীবনতলা : পথদুর্ঘটনায় মৃত্যু হল এক সিভিক পুলিশের। ঘটনাটি দক্ষিণ ২৪ পরগনার জীবতলা থানার মুখার্জী পাড়ার। মৃতের নাম কামারুজ্জামান পিয়াদা।বৃহস্পতিবার জীবনতলা থানার থেকে এক সঙ্গীকে নিয়ে বাড়ি ফিরছিলেন কামারুজ্জামান। তাঁদের কারও মাথাতেই হেমমেট ছিল না। এদিকে রাস্তার পাশে বাড়ি তৈরির বিভিন্ন সামগ্রী পড়েছিল। অনুমান, সেই সামগ্রীগুলিকে ধাক্কা লেগেই রাস্তায় পড়ে যান তাঁরা। রাস্তার পড়ে গিয়ে গুরুতর আহত হন।এরপর স্থানীয় বাসিন্দারা আহত অবস্থায় দু'জনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। সেখানেই কামারুজ্জামনকে মৃত বলে ঘোষণা করা হয়। খবর পেয়ে জীবনতলা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে গাড়িটি উদ্ধার করে থানায় নিয়ে যায়। মৃতদেহটিকে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়।

কল্যাণীতে পিডব্লুডি এমপ্লয়িজ ফেডারেশনের উদ্যোগে আয়োজিত স্বামী বিবেকানন্দের আবির্ভাব তিথি উদ্যাপন

ওয়েস্ট বেঙ্গল পি.ডব্লু.ডি. এমপ্লয়িজ ফেডারেশনের অনুষ্ঠানে উপস্থিত গুণী ব্যক্তিবর্গ। (ইনসেটে) সঞ্জিত সেনগুপ্ত বক্তব্য রাখছেন।

ছবি:- অরিজিৎ গাঙ্গুলী

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : ওয়েস্ট বেঙ্গল পি.ডব্লু.ডি. এমপ্লয়িংজ ফেডারেশনের রাজ্য কমিটির পক্ষ থেকে শুক্রবার কল্যাণীর ঋত্বিক সদর সভাগৃহে, ভারত পথিক স্বামী বিবেকানন্দের ১৫৬তম আবির্ভাব তিথি স্মরণ ও উক্ত সংগঠনের প্রতিষ্ঠা দিবস উদ্যাপনের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে বিবেকানন্দের জীবনী, পশ্চিমবঙ্গ সরকারের নানা উন্নয়ন মুল প্রকল্প এবং সেফ-ড্রাইভ-সেভ-লাইফ বিষয়ে জনসচেতনার উপর মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

এই অনুষ্ঠানে সমাজের বিভিন্ন স্তরের গুণী ব্যক্তিবর্গ আসন অলঙ্কৃত করেছিলেন।

এক বিবৃতিতে এই সংগঠনের সাধারণ সম্পাদক সৌমেন চক্রবর্তি জানান, আজ উত্তরবঙ্গর বিভিন্ন জেলাতেও নানা সামাজিক কর্তব্য পালনের মাধ্যমে স্বামী বিবেকানন্দের ১৫৬ তম জন্মবার্ষিক ও তাঁদের সংগঠনের প্রতিষ্ঠা দিবস পালন করা হয়েছে।

এদিন কল্যাণীর ঋত্বিক সদনের অনুষ্ঠানটি পরিচালনা করেন সংগঠনের কার্যকরী সভাপতি সঞ্জিত সেনগুপ্ত। এদিন তিনি জানান আমাদের কর্মচারী বন্ধুগণ চাকুরি সংক্রান্ত দাবি-দাওয়া আদায়ের পাশাপাশি সমাজের প্রতি দায়দায়িত্ব পালনেও যত্নশীল। তিনি জানান, এই উদ্দেশে কঠোর পরিশ্রমের মাধ্যমে কর্মচারীদের মধ্যে থেকে পথ নাটিকা ও সংগীত পরিবেশনের একটি গ্রুপ তৈরি করা হয়েছে।

যাঁরা আজ ঋত্বিক সদনের সাংস্কৃতিক অনুষ্ঠান উপস্থাপন করেছেন। তিনি আরও জানান, আগামী দিনে এই গ্রুপ বাংলার বিভিন্ন জেলার গ্রাম ও শহরের সরকারি উন্নয়ন প্রকল্পগুলি ও সেফ ড্রাইফ-সেভ-লাইভ প্রসঙ্গে গান ও পথ নাটিকার মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা ছড়িয়ে দিতে ব্রতী হবে।

ঋত্বিক সদনে এদিনকার অনুষ্ঠানে সমগ্র জেলা থেকে আগত কর্মচারীদের উপস্থিতি, উৎসাহ, উদ্দীপনা ছিল চোখে পড়ার মতো।অনুষ্ঠানের উদ্বোধনের প্রদীপ জ্বালিয়ে শুভ সূচনা করেন কল্যাণীর পুরপ্রধান সুশীল কুমার তালুকদার, মঞ্চে উপস্থিত ছিলেন কল্যাণীর টাউন তৃণমূল কংগ্রেস সভাপতি অরূপ মুখার্জী, উত্তর ২৪ পরগনা জেলার তৃণমূল কংগ্রেস সুজিৎ দাস, উপস্থিত ছিলেন আইএন.টি.টি.ইউ.সি। রাজ্য নেতৃত্ব নীল মালাকার এবং পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কর্মচারী ফেডারেশনের কোর কমিটির তপন গরাই এবং কোর কমিটির অন্যতম সদস্য অমল সিনহা।

ভাড়াটে খুনি দিয়ে দাদাকে খুনের চেষ্টার অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, হাড়োয়া : ভাড়াটে খুনি দিয়ে দাদাকে খুনের চেষ্টার অভিযোগ উঠল এক ব্যক্তির বিরুদ্ধে। সম্পত্তির জন্য এই খুনের চেষ্টা বলে জানা গেছে। ঘটনাটি হাড়োয়া থানার আটপুকুর অঞ্চলের বন্দিরাম পাড়া এলাকায়। অভিযুক্ত কমলেশ পাত্রকে গ্রেফতার করেছে পুলিশ । বছর ৩০ এর সমীরণ পাত্রকে প্রথমে হাড়োয়া হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে আরজি কর মেডিকেল হাসপাতালে রেফার করা হয়।পুলিশসূত্রে জানা গেছে, অভিযুক্ত সমীরণ তেমন কিছু একটা করে না। উপরন্ত সে নাকি জুয়া খেলত। এভাবে বাজারে তার বহু টাকা ঋণ হয়ে যায়। পাওনাদাররা টাকার জন্য চাপ দিলে বাবা মহাদেব পাত্র তার বেশকিছু জমি বিক্রি করে ঋণশোধ করেন।জায়গা বিক্রি করে দাদার ঋণ শোধ দেওয়ার ব্যাপারটা ভাল চোখে দেখেনি কমলেশ। দু'সপ্তাহ আগে ঋণের জন্য ফের জমি বিক্রি করার চেষ্টা করে সমীরণ। বাধা দেয় কমলেশ। এনিয়ে দু'ভাইয়ের মধ্যে খুব অশান্তি হয়। অভিযোগ, এরপর দাদাকে মারার জন্য ভাড়াটে খুনি ঠিক করে সে।

পরিকল্পনা মতো বুধবার মিষ্টি দোকানে নিয়ে যাওয়ার নাম করে মিনাখাঁ থেকে হাড়োয়ায় নিয়ে যায় কমলেশ। ফেরার পথে বন্দিরাম পাড়া এলাকায় আসতেই সমীরণকে গুলি করে ভাড়াটে খুনীরা। স্থানীয়রা আসার আগেই পালিয়ে যায় দুষ্কৃতীরা।

পরে স্থানীয় তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়েযায়। ঘটনার পর থেকে পলতাল ছিল কমলেশ। গোপনসূত্রে খবর পেয়ে শুক্রবার সকালে হাড়োয়ার ঘুসিকাটা বাজার থেকে তাকে গ্রেফতার করা হয়। শুক্রবার তাকে বসিরহাটে আদালাতে তোলা হয়।

মদ খাওয়ার জেরে বাবাকে খুনের অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, বাসন্তী : মদ খাওয়া নিয়ে ঝামেলার জেরে বাবাকে খুনের অভিযোগ উঠল যুবকের বিরুদ্ধে। মৃতের নাম খগেন সর্দার (৫৫)। এই ঘটনায় রাজকুমার সর্দারকে গ্রেফতার করেছে পুলিশ। ঘটনাটি বাসন্তী থানার ফুলমালঞ্চ গ্রাম পঞ্চায়েতের মনসাখালি গ্রামের।খগেনবাবুর মেজছেলে রাজকুমার প্রায়দিনই নেশা করে বাড়ি ফিরত।এ নিয়ে তাদের সংসারে অশান্তি লেগেই ছিল। মদ খেয়ে মা-বাবাকেও মারধর করত বলে অভিযোগ।বৃহস্পতিবার রাতেও মদ খেয়ে বাড়ি ফেরে সে। অশান্তি শুরু করে মায়ের সঙ্গে। এই ঘটনার প্রতিবাদ করেন খগেনবাবু। অভিযোগ, তখনই বাবাকে মারতে যায় রাজকুমার। ছেলের হাত থেকে বাঁচতে ক্লাবের ছেলেদের ডাকতে বাইরে বেরিয়ে যান খগেনবাবু। এরপরই ঘরের জিনিসপত্র ভাঙতে শুরু করে সে। সেই সময় বাবা ফিরে এলে তাঁকে গ্যাস ওভেন দিয়ে আঘাত করে। ঘটনাস্থলেই খগেনবাবুর মৃত্যু হয়।

কলকাতায় যুবমোর্চার মিছিলে হামলার প্রতিবাদে বারাকপুর-কল্যাণী হাইওয়ে অবরোধ

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপর : কলকাতায় যুবমোর্চার মিছিলে হামলার প্রতিবাদে বারাকপুর-কল্যাণী হাইওয়ে অবরোধ করল জগদ্দলের বিজেপি কর্মী-সমর্থকরা। শুক্রবার দুপুরে জগদ্দলের বাসুদেবপুর মোড় দীর্ঘক্ষণ অবরোধের জেরে যানজট দেখা যায় দেয়। পরে পুলিশের হস্তক্ষেপে অবরোধ তুলে নেন তারা। সংকল্প অভিযানকে কেন্দ্র করে শুক্রবার বাইক মিছিলের আয়োজন করেছিল বিজেপি। সেই অনুযায়ী বৃহস্পতিবাররাতেই জোড়াবাগান এলাকার একটি হোটেল এসে রাত কাটান কর্মীরা। অভিযোগ, প্রথমে সেখানে হামলা চালায় তৃণমূল। এরপর শুক্রবার সকালে রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বাইক মিছিল বের করেন। তাতেও হামলা চালায় তৃণমূল কর্মীরা। এই ঘটনায় যুব মোর্চার রাজ্য সভাপতি দেবজিৎ সরকার সহ বেশ কয়েকজন আহত হন। এরপর আবার বিজেপি'র রাজ্য দফতরে তৃণমূল হামলা চালায় বলে অভিযোগ। ঘটনাস্থলে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

Change of Name

I, PAWAN KUMAR KANODIA S/O BHAGWATI PRASAD KANODIA, R/O FLAT NO 403, 1, WOOD STREET P.O.+P.S. SHAKESPEARE SARANI, KOLKATA-700016 SHALL HENCE FORTH BE KNOWN AS PAWAN KANODIA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 12.1.2018

Change of Name

I, DHARAM NARAYAN THAKUR S/O LATE SASHIDHAR THAKUR R/O 1/1, ABDUL RASUL AVENUE, P.O.-KALIGHAT, P.S. - TOLLYGUNGE, KOLKATA-700026, SHALL HENCE FORTH BE KNOWN AS DHARM NARAYAN THAKUR VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 12.01.18